# ALL INDIA RADIO, SILCHAR

******************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 14-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) বিজেপির প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উত্তরপ্রদেশের বারানসী থেকে মনোনয়নপত্র দাখিল।

২) গুজরাট থেকে শিলচর অভিমুখে আসার সময় আনসারুল্লা বাংলা টিমের দুজন সন্ত্রাসবাদীকে আসাম পুলিশের গ্রেপ্তার/ নয় দিনের জন্য পুলিশের বিশেষ শাখার হেফাজতে প্রেরণ।

৩) আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের ৩৭০৮ জন হজ যাত্রী প্রথম দলটি আগামী বৃহস্পতিবার মক্কা অভিমুখে যাত্রা।

এবং

৪) বরাকের বহমান ভাষা আন্দোলের ৬ জন সেনানীকে সম্মাননা জ্ঞাপন সহ বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সম্মেলনের কাছাড় জেলা সমিতির শহিদ স্মরণে এক গুচ্ছ কার্যসূচি গ্রহন।

--------------------------------------------------------------------------

বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লোকসভা নির্বাচনের সপ্তম পর্যায়ে আগামী পয়লা জুন অনুষ্ঠেয় নির্বাচনের জন্য আজ বারাণসি আসন থেকে মনোনয়নপত্র দাখিল করেছেন । এই পর্যায়ের জন্য মনোনয়নপত্র দাখিল করার আজ শেষ দিন ।মনোনয়ন দাখিলের সময় প্রধানমন্ত্রীর সঙ্গে বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা , দলের প্রবীণ নেতা রাজনাথ সিং এবং হরদেব সিং পুরী সহ মিত্রজোঁটের চন্দ্রবাবু নাইডু , একনাথ সিন্ডে ,জিতেন রাম মাঝি , রামদাস আঠাওলা , উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ প্রমুখ উপস্থিত ছিলেন ।এই আসনে কংগ্রেস নেতৃত্বাধীন বিরোধি মিত্রজোঁটের প্রার্থী অজয় রায় শ্রী মোদীর বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করবেন ।

---

দেশে পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রয়েছে । পঞ্চম পর্যায়ে আগামী বিশে মে অনুষ্ঠেয় নির্বাচনের প্রচার অভিযান শেষ হওয়ার আর মাত্র চারদিন বাকি থাকা অবস্থায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রথমসারির নেতারা প্রচার তীব্র করে তুলেছেন । ২৫শে মে ষষ্ঠ পর্যায়ে ৫৭টি আসনে এবং আগামী পয়লা জুন সপ্তম পর্যায়ে আরো ৫৭ টি লোকসভা আসনে ভোটগ্রহণ করা হবে । বিজেপির প্রবীণ নেতা ও কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আজ পশ্চিমবঙ্গের বনগাঁ লোকসভা আসনের জন্য নির্বাচনী প্রচার করছেন । এদিকে কংগ্রেস দলের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে আজ উত্তর প্রদেশের বাঁশ গাঁওয়ে আয়োজিত নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করেন । কংগ্রেসের প্রিয়াঙ্কা গান্ধী আজ উত্তর প্রদেশের আমেথি’তে নির্বাচনী জনসভায় ভাষণ দেন । অন্যদিকে আম আদমি পার্টির অরবিন্দ কেজরিওয়াল আজ হরিয়ানার কুরুক্ষেত্রে একটি রোড শো’তে অংশ নেন । এছাড়া আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ওড়িশার ভূবনেশ্বরে একটি নির্বাচনী জনসভায় অংশ নেন ।তাঁর ভাষণে ডঃ শর্মা দেশের প্রগতির লক্ষ্যে এন ডি এ’কে সমর্থন করতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয় পুলিশ , কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা , ভারতীয় রিজার্ভ বেংক , বিধি বলবৎকারী সঞ্চালকালয় , ও আইন বলবৎকারী সংস্থার নাম করে আসা প্রবঞ্চকদের কাছ থেকে দূরে থাকতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছে ।মন্ত্রনালয় জানিয়েছে যে একাংশ সাইবার অপরাধি সরকারী আধিকারীকের বেশে ভয় দেখিয়ে হুমকি দিয়ে প্রবঞ্চনা করা , , অর্থ দাবী করা সহ বিভিন্ন অপরাধমূলক কাজ সম্পর্কে ক্রাইম রিপোর্টিং পোর্টেলে বেশ কিছু অভিযোগ জমা পড়েছে ।মন্ত্রনালয় আরো জানিয়েছে যে এধরণের ঘটনায় বহু লোক অপরাধিদের কবলে পরে বৃহৎ পরিমানের অর্থ হারানোর পরিস্থিতে পড়েছে ।এধরণের অর্থনৈতিক অপরাধ সংঘঠিত করা একটি চক্র সীমান্তের ওপার থেকে পরিচালনা করা হয় বলে প্রকাশ করা হয়েছে ।এধরণের অপরাধিরা স্কাইপের মাধ্যমে বা অন্য ভিডিও কনফারেন্সিং প্লেটফর্মে জনসাধারণকে ভীতি প্রদর্শন করার চেষ্টা করে থাকে ।মন্ত্রনালয় এধরণের ঘটনার সম্মুখীন হওয়ার সঙ্গে সঙ্গে ১৯৩০ হেল্প লাইন নম্বরে অথবা www.cybercrime.gov.in যোগাযোগ করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছে ।

---

আলকায়দার সহযোগী সংগঠন আনসারুল্লা বাংলা টিম ( এ বি টি )’র দুজন সন্ত্রাসবাদীকে গুজরাট থেকে গুয়াহাটী হয়ে শিলচর অভিমুখে আসার চেষ্টা করার সময় গতকাল গুয়াহাটীতে গ্রেপ্তার করা হয়েছে ।ধৃত সন্ত্রাসবাদী দুজন বাংলাদেশের ব্রাহ্মণবারিয়া জেলার বাহার মিয়াঁ এবং নেত্রকোনা জেলার রাসেল মিয়াঁ বলে সনাক্ত করা হয়েছে ।অপরাধ দমন শাখা আসাম পুলিশের বিশেষ শাখার সহযোগিতায় গুয়াহাটী রেল ষ্টেশন থেকে দুজনকে গ্রেপ্তার করেছে ।আসাম পুলিশ সূত্রে জানা গেছে যে সন্ত্রাসবাদী দুজন বাংলাদেশ সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশ করেছিল ।উল্লেখ্য চলতি বছরের শুরুতে এই দুজন সন্ত্রাসবাদীর বিরুদ্ধে আসাম পুলিশের বিশেষ শাখায় একটি মামলা দায়ের করা হয়েছিল ।সেই অনুযায়ী আসাম পুলিশের বিশেষ শাখা এই দুজন সন্ত্রাসবাদীকে মোষ্ট ওয়ান্টেড অপরাধী হিসেবে ঘোষণা করে ।এই দুই সন্ত্রাসবাদীর গুজরাটে লুকিয়ে থাকার খবর পেয়ে পুলিশের গোয়েন্দারা দুজনকে অনুসরণ করে এবং

পরে তাদেরকে গুয়াহাটী রেল ষ্টেশনে গ্রেপ্তার করে ।তারা আসামে এ বি টি’র নেটওয়ার্ক বিস্তার করে ত্রিপুরা হয়ে বাংলাদেশে যাওয়ার পরিকল্পনা করেছিল বলে জানা গেছে ।এদিকে আজ ধৃত দুজনকে কামরূপ মহানগরজেলা মুখ্য দন্ডাধিশের আদালতে হাজির করানো হলে আদালত তাদেরকে ৯ দিনের জন্য পুলিশের বিশেষ শাখার হেফাজতে প্রেরণ করে।

---

আসাম সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চল থেকে এবছর তিন হাজার ৭০৮ জন হজযাত্রী হজের জন্য রওয়ানা হচ্ছেন । আগামী বৃহস্পতিবার গুয়াহাটির লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দর থেকে হজযাত্রীদের প্রথম দলটি মক্কা অভিমুখে রওয়ান দেবে । আজ গুয়াহাটির হাজি মুসাফিরখানায় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের যুগ্ম হজ কমিটির অধ্যক্ষ নেকিবুর জামান এই বিষয়ে জানিয়েছেন । তিনি বলেন যে- হজযাত্রা করতে চাওয়া যাত্রীদের মধ্যে তিন হাজার ৬৫৮ জন আসামের এবং ৩৬ জন মেঘালয়ের ও আরো সাতজন নাগাল্যান্ড এবং অরুণাচল প্রদেশের লোক । আগামী ২৫শে মে পর্যন্ত ঐসব যাত্রীরা হজযাত্রার জন্য পর্যায়ক্রমে রওয়ানা হবেন । আজকের সাংবাদিক সম্মেলনে অধ্যক্ষ জামান আরো জানান যে- হজযাত্রীদের সুবিধার জন্য কেন্দ্রীয় হজ সমিতি হজ সুবিধা এ্যাপ নামে একটি মোবাইল এ্যাপ্লিকেশনের ব্যবস্থা করেছে । এই এ্যাপের সহায়তায় যাত্রীরা হজ সংক্রান্ত যাবতীয় তথ্য ঘরে বসে লাভ করতে পারবেন বলে তিনি জানান ।

---

জাতীয় পরীক্ষণ সংস্থা- এন টি এ আগামীকাল থেকে আগামী ১৮ ই মে পর্যন্ত ইউ জি অর্থাৎ স্নাতক পর্যায়ের জন্য চলতি বছরের সংযুক্ত বিশ্ববিদ্যালয় প্রবেশ পরীক্ষা- সি ইউ ই টি (ইউ জি)র আয়োজন করেছে । এন টি এ, দেশের বাইরের ২৬টি শহর সহ দেশের ৩৭৯ টি শহরে এই পরীক্ষার আয়োজন করেছে । পরীক্ষার্থীদের এডমিট কার্ড cuet-ug@nta.ac.in এই ওয়েবসাইটে পাওয়া যাবে বলে সংস্থার এক বিবৃতিযোগে জানানো হয়েছে । পরীক্ষার্থীরা তাদের আবেদন পত্রের নম্বর ও জন্মতারিখ ব্যবহার করে ওয়েবসাইট থেকে এডমিট কার্ড ডাউনলোড করতে পারবে । পরীক্ষা সংক্রান্ত

সাম্প্রতিক তথ্যের জন্য পরীক্ষার্থীদের নিয়মিত সংস্থার ওয়েবসাইট www.nta.ac.in দেখার পরামর্শ দেওয়া হয়েছে ।

---

১৯৬১'র ভাষা আন্দোলনের ৬৩ তম বার্ষিকী উপলক্ষে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতি একগুচ্ছ কার্যসূচী গ্রহণ করেছে । উনিশের আবাহনের প্রথম পর্বে আগামী ১৭ ই মে, শুক্রবার বেলা আড়াইটা থেকে বঙ্গভবন প্রাঙ্গণ সহ সামনের রাস্তায় উনিশের আল্পনা ও মুক্তাঙ্গনে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে । দ্বিতীয় পর্বে আগামী ১৮ই মে, শনিবার বিকেল সাড়ে পাঁচটায় বরাক উপত্যকার বহমান ভাষা আন্দোলনের সেনানীদের সম্মাননা জ্ঞাপন করা হবে । উনিশের আবাহনের এবছরের সম্মাননা প্রাপকদের মধ্যে রয়েছেন- সন্তোষ মজুমদার (হাইলাকান্দি), চিত্রা দত্ত (শিলচর), মালতী নন্দী (বড়খলা), অধ্যাপক কমলেন্দু ভট্টাচার্য (শিলচর), নবেন্দু শেখর নাথ (কাটিগড়া) এবং দিলীপ কান্তি লস্কর (করিমগঞ্জ) । একইসঙ্গে আলোচনা সভারও আয়োজন করা হয়েছে । এতে আলোচক হিসেবে থাকছেন- নাট্যকার-চিত্র নির্মাতা- লেখক ও সংস্কৃতি কর্মী সুব্রত কাঞ্জিলাল এবং বাংলাদেশের টাঙ্গাইলের মেজর জেনারেল মাহমুদুল হাসান ডিগ্রি কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ও ছায়ানীড়ের নির্বাহী পরিচালক লুৎফুর রহমান ।

এদিকে ১৯শে মে ভাষা শহিদ দিবসের সকালে শিলচর রেল স্টেশন, শ্মশান ঘাট এবং বঙ্গভবন প্রাঙ্গণে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। পরে এদিন দুপুর দুটো থেকে গান্ধীবাগে শহিদ মিনার সংলগ্ন মুক্তমঞ্চে উনিশের কবিতা পাঠ, আবৃত্তি, সঙ্গীত, নৃত্য, চিত্রকলা প্রদর্শনী এবং কথামালা ব্যবস্থাপনায় থাকবে বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতি । সম্মেলনের কাছাড় জেলাসমিতির পক্ষ থেকে এই অনুষ্ঠানগুলিতে সবাইকে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

জাতীয় ডেঙ্গু দিবসের অংশ হিসেবে করিমগঞ্জ জেলা প্রশাসনের পক্ষ থেকে ডেঙ্গু জ্বরের বিরুদ্ধে লড়াইয়ে সক্রিয় অংশগ্রহণ করার জন্য জনসাধারণের

প্রতিব আহ্বান জানানো হয়েছে । এবছরের ডেঙ্গু দিবসের থিম হচ্ছে- ‘আশপাশের লোকজনের সঙ্গে সংযুক্ত হোন, ডেঙ্গু নিয়ন্ত্রণ করুন’ । এতে এই রোগ প্রতিরোধে জনসাধারণের অংশগ্রহণের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরে জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডাঃ সুমনা নাইডিং জানান যে- ডেঙ্গু জ্বর, এডিস মশা দ্বারা ছড়ায়, যা স্বাস্থ্যের ক্ষেত্রে গুরুতর ঝুঁকির সৃষ্টি করে । এই মশাগুলি সাধারণতঃ গৃহস্থালির জিনিসপত্রে পাওয়া স্থির জলে বংশবৃদ্ধি করে। তাই এইধরণের প্রজনন স্থানগুলিকে নির্মূল করা একান্ত আবশ্যক । ডেঙ্গুর প্রাদুর্ভাবকে নির্মূল করতে এবং জনসচেতনতা বৃদ্ধির অঙ্গ হিসেবে করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদব করিমগঞ্জের বাসিন্দাদের আগামী ১৬ই মে সকাল দশটা থেকে দশ মিনিট ড্রাইং ডে বা শুষ্ক দিবস পালনের আহ্বান জানিয়েছেন।  এই কার্যসূচীতে জনসাধারণের করণীয় বিষয়গুলি হচ্ছে- জলাশয় পরিষ্কার করা, জল রাখার পাত্র খালি করে ভালোভাবে পরিষ্কার করা, ফুলদানির জল পরিবর্তন করা, জলের ট্যাঙ্কগুলিকে ঢেকে রাখা, স্থির জল অপসারণ করা ইত্যাদি ।

---

করিমগঞ্জ জেলার অবসরপ্রাপ্ত সেনা ও তাদের বিধবাদের ছেলে মেয়েদের জন্য ২০২৪-২৫ সালের ছাত্র বৃত্তির আবেদনপত্র জমা দিতে বলা হয়েছে ।জেলা সৈনিক কল্যান আধিকারীকের পক্ষ থেকে জানানো হয়েছে যে প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী এবং একাদশ শ্রেণীর জন্য আগামী ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত আবেদনপত্র জমা দেওয়া যাবে ।দ্বাদশ শ্রেণীর জন্য ৩১ শে অক্টোবর এবং স্নাতক স্তরের জন্য ৩০ শে নভেম্বর এর মধ্যে আবেদন পত্র জমা দেওয়া যাবে ।বিস্তারিত বিবরণের জন্য করিমগঞ্জের জেলা সৈনিক কল্যান আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

কাছাড় জেলায় বন্যা ব্যবস্থাপনা ঝুঁকি সম্পর্কে গতকাল জেলা আয়ুক্ত কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জেলায় বন্যা ব্যবস্থাপনা ঝুঁকি সম্পর্কে টেলি কমিউনিকেশন বিভাগ , আসাম পুলিশ , নেপকো , কেন্দ্রীয় আবহাওয়া দপ্তর , কেন্দ্রীয় জল কমিশন এবং জল সম্পদ

বিভাগের সংশ্লিষ্ট নোডাল আধিকারীকদের প্রয়োজনীয় নির্দেশ প্রদান করে ।অতিরিক্ত জেলা আয়ুক্ত যুবরাজ বরঠাকুরের  পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় টোল ফ্রি পরিসেবা ১০৭৭ এর কার্যকারিতা , দূর্যোগ পরিস্থিতিতে স্যাটেলাইট ফোনের সহজ লভ্য সংযোগ ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------